‘|’

# Degree এর শর্ট টেকনিক

| Positive | Comparative | Superlative |
|---|---|---|
| **No other** | **Than any other** | **The superlative** |
| **Very few** | **Than most**<br>**Other/most/few other** | **One of the** |
| **(not so ………as) neg হলে** | **Then (affi হলে)** | × |
| **(as ……… as affi) হলে** | **Then (affi হলো)** | × |
| **As soon as ……** | **No sooner had** | × |

মনে রাখুন:- 1. no other, any other, এর পরে noun, pronoun, verb এ singular form ব্যবহৃত হয়।

2. all other, most other, many other, few other, very few এর পরে noun ও verb এর plural form বসে।

3. one of the এর পরে noun টি plural হলেও verb টি singular হয়।

## Degree

**সংজ্ঞা: দোষ ও গুণের পরিমাপ বা মাত্রাকে Degree বলে।**

Degree অর্থ তুলনা। ইংরেজী Grammar এ সাধারণত Adjective এবং Adverb এর তুলনা হয়। Degree তিন প্রকার:-

1. Positive Degree 2. Comparative Degree 3. Superlative Degree

1. Positive Degree:- যখন কোনো ব্যক্তি বা বস্তুর প্রারম্ভিক অবস্থ বর্ণাণা করা হয়, সেটি হচ্ছে Positive Degree. Positive Degree তে Adjective/Adverb এর মূল form থাকে। যেমন:-

1. He is good. (সে ভাল।) 2. They are intelligent. (তারা বুদ্ধিমান।)

2. Comparative Degree:- যখন কোনো ব্যক্তি বা বস্তু দুই পক্ষের মধ্যে তুলনা করা বোঝায় তখন comparative degree হয়। comparative degree তে Adjective/Adverb এর সাথে সাধারণত r/er হয় অথবা একের অধিক Syllable বিশিষ্ট শব্দের আগে more বা less বসে। যেমন:-

1. Is better than Tuhin. (রাজু তুহিনের চেয়ে ভাল।)

2. She is beautiful than any other. (সে অন্য যেকোন কিছুর চেয়ে সুন্দর।)

3. Superlative Degree:- অনেকের মধ্যে কোনো বিশেষ ব্যক্তি, বস্তু বা ব্যক্তিবর্গ বা বস্তুবর্গ বা বস্তুসমূহকে সবচেয়ে ছোট, সবচেয়ে উৎকৃষ্ট, সবচেয়ে দামী, সবচেয়ে সস্তা এরূপ বোঝাতে Superlative degree হয়।

Superlative degree তে Adjective/Adverb এর সাথে সাধারণত st/est অথবা একের অধিক Syllable বিশিষ্ট শব্দের আগে most বা least বসে। যেমন:-

1. he is the tallest boy. (সে সবচেয়ে লম্বা ছেলে।)
2. He is one of the best intelligent boy. (তিনি সবচেয়ে বুদ্ধিমান ছেলেদের একজন।)

## Transformation of Degree Positive to Comparative

**Rule-1:-** No other যোগে গঠিত Positive degree থেকে Comparative degree-তে রুপান্তর করার নিয়ম:

- Positive degree-র ক্ষেত্রে ব্যবহৃত শেষের noun টি comparative degree-র subject হিসেবে sentence-এর শুরুতে বসে তারপর to be verb + adjective-এর comperative form + as ………….. as-এর পরিবর্তে than + any other /all other + বাকি অংশ।

  Positive:- No other city in Bangladesh is as big as Dhaka.
  Compa:- Dhaka is bigger than any other city in Bangladesh.
  or, Dhaka is bigger than all other cities in Bangladesh.
  Positive:- No other metal is as usefull as iron.
  Compa:- Iron is more useful than any other metal.

**Rule-2:-** Few, very few যুক্ত Positive degree থেকে Comparative degree-তে রুপান্তরের নিয়ম:

- Positive degree-র ব্যবহৃত শেষের noun টি comperative degree-র subject হিসেবে sentence এর প্রথমে বসে তারপর to be verb + few/very few এর পরিবর্তে more + adjective + as ………. as -এর পরিবর্তে than most other + বাকি অংশ।

| Positive | Comparative |
|---|---|
| Very few boys are so honest as Raju. | Raju is more honest than most other boys. |
| Very few animals are as ferocious as the lion. | The lion is more honest than most other animals. |

Note:- any other এর পরে Singular noun ব্যবহৃত হয় এবং all other/most other এর পরে plural noun ব্যবহৃত হয়।

**Rule-3:-** As ………… as Positive degree-র Affirmative Sentence-কে Comparative degree-তে পরিবর্তন করার নিময়:

- Positive degree-র ক্ষেত্রে ব্যবহৃত প্রথম শেষের Noun টি comperative degree-র subject হিসেবে sentence-এর শুরুতে আসবে + to be verb + প্রথম as এর পরিবর্তে not + adjective-এর comparative form + দ্বিতীয় as এর পরিবর্তে that + বাকী অংশ।

| Positive | Comparative |
|---|---|
| Raju is as good as Rana | Rana is not better than Raju |
| A bus can run as fast as a car | A car cannot run faster than a bus. |

**Rule-4:-** Not as/so…….. যুক্ত Positive degree-র sentence-কে Comparative degree-তে রুপান্তরের নিয়ম।

- (a) Adjective-এর পূর্ববর্তী fas/so এর স্থলে less এবং পরবর্তী as এর স্থলে than বসে।

(b) Negative sentence affirmative sentence-এ পরিবর্তিত হয়।

# Positive to Superlative

**Note:-** অর্থের পরিবর্তন না করে সব ধরণের Positive degree কে Superlative degree তে রুপান্তরিত করা যায় না। কেবল মাত্র No other এবং few বা very few যুক্ত positive degree কে Superlative degree তে রুপান্তরিত করা যায়।

**Rule-1:-** No other যোগে গঠিত positive degree-র sentence থেকে Superlative degree এর Sentence এ রুপান্তরিত করার নিয়ম:

- বাক্যের শুরুতে No other-এর স্থলে positive degree-র দ্বিতীয় noun + to be verb + the + adjective-এর Superlative form এবং as………… as/so………..as উঠে বাকি অংশ হবে।

যেমন:-

**Positive:-** No other girl in the class is as intelligent as Tahsin.

**Super:-** Tahsin is the most intelligent of all girls in the class.

Or, Rita is the most intelligent of all girls in the class.

Positive:- No other city in Bangladesh is as large as Dhaka.

Super:- Dhaka is the largest city in Bangladesh.

Or, Dhaka is the largest of all cities in Bangladesh.

**Rule-2:-** Few, very few + as ……… as যোগে গঠিত Positive degree থেকে Superlative degree-তে রুপান্তরের নিয়ম:

- Sentence-এর শুরুতে positive degree দ্বিতীয় noun + to be verb + one of the + adjective-এর superlative form + বাকি অংশ।
  Positive:- Few metals are as precious as gold.
  Super:- Gold is one of the most precious metals.
  Positive:- Very few animals in the world are as ferocious as the tiger.
  Super:- The tiger is one of the most ferocious animals in the world.

N:B: One of the এর পরে ব্যবহৃত noun টির plural form হয়।

Positive:- No other food is as nutritious as milk.
Super:- Milk is the most nutritious food.

| **Positive** | **Comparative** |
|---|---|
| Raju is not as strong as Salma. | Raju is less strong than Salma. |
| Himu is not as intelligent as Gita | Himu is less intelligent than Gita. |
| Simu is not so clever than himu | Simu is less clever than himu. |

# Comparative to positive

**Rule-1:-** Comparative degree থেকে Positive degree-তে পরিবর্তনে করার নিয়ম:

- Comparative degree-র than এর পরিবর্তে noun sentence এর শুরুতে বসবে; তারপর to be verb + sentence টি affirmative হলে not so/as এবং negative হলে as + comparative degree-র positive form + as + প্রথম subject.
  Compa:- Rikta is wiser than Tahisn.
  Positive:- Tahsin is not so/as wise as Rikta.
  Compa:- Tina is better than Mukta.
  Positive:- Mukta is not so/as good as Tina.

Note:- Negative senetence-এর ক্ষেত্রে Subject এর স্থানে পরিবর্তন না করেও Affirmative sentence-এ পরিবর্তন করা যায়।

Compa:- Karim is not more intelligent than Raju.
Positive:- Raju is as intelligent as Ruhin.

Less যোগে গঠিত Comparative degree থেকে Positive degree-তে পরিবর্তন করার নিয়ম:

Comparative:- Himu is less clever than Tuhin.
Positive:- Himu is not so clever as Tuhin.
Comparative:- A dog is less strong than a Lion.
Positive:- A dog is not so strong as a Lion.

**Rule-2:-** than any other বা all other যোগে গঠিত Comparative degree থেকে Positive degree তে পরিবর্তন করার নিয়ম:

- Comparative degree-র than any other/than all other-এর পরিবর্তে no other (sentence-এর শুরুতে বসবে) + এর পরের noun টির singular form করে বাকি অংশ + to be verb + as/so + comparative degree-র positive form + as + প্রথম subject.
  Compa:- Dhaka is the bigger than all other cities in Bangladesh.
  Positive:- No other city in Bangladesh is as/so big as Dhaka.
  Compa:- Chittagong is bigger than any other sea-port in Bangladesh.

**Rule-3:- than most other, few other এরুপ শব্দগুলো দ্বারা গঠিত Comparative degree থেকে Positive degree-তে পরিবর্তন করার নিয়ম:**

Sentence-এর শুরুতে very few + দ্বিতীয় noun + to be verb + than most other-এর স্থলে as/so + comparative degree-র positive form + as + প্রথম subject/noun.
Compa: Gold is more precitous than most other metals.
Positive:- Very few mwtals are as/so precious as gold.
Compa:- Iron is more useful than most other metals.
Positive:- Very few metals are as/so useful as iron.

# Comparative to Superlative

**Note:-** অর্থের পরিবর্তন না করে সব ধরণের Comparative degree-র Sentence-কে Superlative degree-তে রূপান্তরিত করা যায় না। কেবল any other, all other এবং most other, few other যুক্ত Comparative degree-র Sentence-কে Superlative degree-তে রুপান্তরিত করা যায়।

**Rule-1:- Than most other বা than few other যুক্ত Comparative degree-র Sentence-কে Superlative degree-তে পরিবর্তনের নিয়ম:**

- Sub + to be verb + one of the _ comparative-এর superlative এবং than most other উঠে গিয়ে বাকি অংশ হবে।

**যেমন:-**

Compa: Dhaka is bigger than most other cities in Bangladesh.
Super: Dhaka is one of the biggest cities in Bangladesh.
Compa: Raju is more intelligent than most other boys in the class.
Super: Raju is one of the most intelligent boys in the class.

**Rule-2:-** Than any other বা than all other যুকত Comparative degree থেকে Superlative degree করার নিয়ম: Subject ও verb এর অবস্থান অপরিবর্তিত থাকে। Adjective-এর Comparative degree, Superlative degree-তে রুপান্তরিত হয়ে এবং পরবর্তী বাক্যাংশ অপরিবর্তিত থাকে।

Compa: The cow is more useful than other.
Super:- The cow is the most useful of all.
Cpmpa:- Dhaka is larger than any other city.
Super:- Dhaka is the largest of all cities in Bangladesh.

**N.B:** than any other, than all other বা than all of other-এর পরিবর্তে of all না বসিয়ে Superlative degree তে পরিবর্তন করা যায়।

Compa:- Raju is better than any other boy in the class.
Super:- Raju is the best boy in the class.
Compa:- This book is more useful than any other book in the market.
Super:- This is the most useful book in the market.

## Superlative to Positive

**Rule-1:-** Superlative degree থেকে Positive degree তে পরিবর্তন করার নিয়ম:

- No other + Superlative degree-র দ্বিতীয় noun সহ তার পরবর্তী অংশ + to be verb + as/so + adjective এর positive degree + as/so + প্রথম sub//noun.

Super:- Tahisin is the best girl in the class.
Positive:- No other girl in the class is as/so good as Tahsin.
Super:- Raju is the oldest man is the village.
Positive:- No other man in the village is as/so old as Raju.

**Rule-2:-** Superlative degree-র পরে যদি of all বা of any থাকে, তাহলে অন্যান্য সাধারণ সব নিয়ম অপরিবর্তিত থাকে, শুধু, of all বা of any এর বিলুপ্তি ঘটে। No other এর পরে Singular noun বসে।

Super:- The Arabian Nights is the most popular of all stories.
Positive:- No other story is as/so popular as the Arabian Nights.
Super:- The Jamuna is the largest of all rivers in Bangladesh.
Positive:- No other river in Bangladesh is as/so large as the jamun.

**Rule-3:-** Superlative degree-এর Adjective এর পূর্বে যদি one of the থাকে, সেক্ষেত্রেও অন্যান্য সব নিয়ম অপরিবর্তিত থাকে।

- শুধু sentence এর প্রথম few বা verb few বসে। verb এর singular form-plural form এ পরিবর্তিত হয়ে এবং very few বা few এর পরবর্তী Noun-এর plural form ব্যবহৃত হয়। এক্ষেত্রে Adjective এর Positive degree-র পূর্বে যথাক্রমে as/so ……… as বসে।

Super:- Raju is one of the greatest poets in Bangladesh.
Positive:- Few/very few poets in Bangladesh are as great as Raju.
Super:- Japan is one of the most developed countries in the world.
Positive:- Few/very few countries in the world are as developed as Japan.

# Superlative to Comparative

**Rule-1:-** Superlative degree থেকে Comparative degree-র sentence এর পরিবর্তনের নিয়ম:

- Subject ও verb-এর অবস্থান অপরিবর্তিত থাকে। Adjective-এর Superlative degree-র Comparative form + than any other বা than all other + পরবর্তী বাক্যাংশ।

  Super:- Raju is the oldest man in our village.
  Compa:- Raju is older than any other man in our village.
  Super:- Walking is the best exercise for the old.
  Compa:- Walking is better than any other exercise for the old.

**Rule-2:-** Adjective-এর Superlative degree-র পূর্বে যদি one of the থাকে, সেক্ষেত্রে Subject ও verb-এর অবস্থান অপরিবর্তিত থাকে। Superlative degree-র comparative form + than most other + বাকি অংশ।

Super:- Gold is one of the most precious metals.
Compa:- Gold is more precious than most other motals.
Super:- Hamlet is one of the most popular dramas.
Compa:- Hamlet is more popular than most other dramas.

**Rule-3:-** Adjective এর Superlative degree-র পরে যদি of all বা of any থাকে, সেক্ষেত্রে সব নিয়ম অপরিবর্তিত থাকে। শুধু Comparative degree-র পরে of all-এর পরিবর্তে than all other এবং of any-এর পরিবর্তে than any other বসে।

Super:- Raju is the wisest of all men in our village.
Compa:- Raju is wiser than all men on our village.
Super:- Himu is the best of any girl in the class.
Compa:- Himu is better than any other girl the class.

**1. ‘Iron is the most useful metal’. The positive form of the sentence is …………** [তথ্য মন্ত্রণালয়ের অধীন বিটিভির সহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৭]

(a) Very few metals are as useful as iron (b) Iron is as useful as many other metals

(c) No metal is as useful as iron (d) Iron is more useful than many other metals (c)

**ব্যাখ্যা:-** The + Superlative degree যুক্ত বাক্যকে positive করার নিয়ম: No other/No + verb + as + superlative degree এর positive form + as + subject.

**2. Water-logging is one of the worst problems in our country. (positive)** [১৪তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল/সমপর্যায়-২) ২০১৭]

(a) No oter problem in our country is as bad as water-ligging

(b) Very few problems in our country are as bad as water

(c) water-logging is a very worse problem in our counrt

(d) water-logging is worse than any other problem in our country (b)

**ব্যাখ্যা:-** One of যুক্ত superlative degree-কে positive করার নিয়ম: শুরুতে very few + noun (Plural) + verb + as + adj (pos) + as sub.

**3. The greater the demand ……….. the price.** [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ইন্সট্রাক্টর ২০১৮]

(a) the higher (b) higher (c) the high (d) high (a)

ব্যাখ্যা:- কোনো বাক্যের একটি অংশ যদি the + comparative degree থাকে তবে অন্য অংশেও the + comparative হবে।

**4. The word 'worse' is the comparative form of the adjective …………** [গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল) ও জনস্বাস্থ্য অধিদপ্তরের ড্রাফম্যান ২০১৭]

(a) good (b) bad (c) far (d) little (b)

ব্যাখ্যা:- Bad – worse – worst.

**5. Which one is an example of Superlative Degree?** [ডাক টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের সহকারী প্রোগামার ২০১৭; বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার ২০১৭]

(a) Little (b) Least (c) less (d) Near (b)

ব্যাখ্যা:- Little – less – least.

**6. Prices for bicycles can run ………… Tk. 2000.** [18th BCS, RU: 07-08]

(a) as high as (b) so high as (c) as high to (d) as high for (a)

ব্যাখ্যা:- "সর্বাধিক বা সর্বোচ্চ" পরিমাণে বোঝানোর ক্ষেত্রে "as high as" এটিকে phrase হিসেবে ব্যবহৃত করতে হয়।

**7. He learned to read and write quite ……….. in his life.** [DU: 06-07, 16-17]

(a) lately (b) late (c) latest (d) latter (b)

ব্যাখ্যা:- "সম্পূর্ণ দেরী" এমন অর্থে adverb "quite" এর পর adjective এর positive "late" বসেছে।

**8. Honey is ………. sweet.** **[29th BCS]**

(a) very (b) too much (c) much too (d) much (a)

ব্যাখ্যা:- "sweet" শব্দটি adjective এর positive form এ থাকায় তার পূর্বে very বসেছে।

(Very + positive degree)

**9. There were ………. guests than I expected.** [IFIC Bank Ltd. Trainee Asst. Officer 2018; Bakhrabad Gas Distribution Co. Ltd. Asst. Manager (General) 2017]

(a) less (b) lesser (c) fewer (d) few (c)

ব্যাখ্যা:- প্রদত্ত option গুলোর মধ্যে a ও c comparative degree-তে রয়েছে। Ucnountable noun-এর ক্ষেত্রে less ও countable noun-এর ক্ষেত্রে fewer হয়।

**10. More military technological innovations happened during world War I …………. war in history.** [Social Islami Bank Ltd. Probationary Officer (PO) 2017]

(a) as another (b) by any other (c) than in any other (d) than others (c)

ব্যাখ্যা:- বাক্যটি More দ্বারা শুরু হয়েছে, তাই এটি comparative degree সুতরাং বাক্যটি than লাগবে। আর than-এর পর সাধারণত any other/many other/most other হয়।

**11. A comedy is ………. than an action movie.** [ঢা:বি: 'খ' ইউনিট ২০১৭-১৮]

(a) more funny (b) funnier (c) most funny (d) funiset (b)

ব্যাখ্যা:- বক্যে than থাকায় শূন্যস্থানে comparative degree বসবে। Funny – funnier – funniest.

**12. Fill in the blank with the most suitable option:**

**I thought that …….. was the last one.** [জবি ডি ইউনিট ২০১৭-১৮]

(a) the most prettiest of all (b) prettiest one of all

(c) the prettiest one from all (d) the prettiest of all (d)

ব্যাখ্যাঃ- Pretty – Prettier – Prettiest. Superlative degree-এর পূর্বে the বসে। আর সবার মধ্যে বোঝাতে of all হয়।

**13. She boasted that no other car could run -.** [চবি 'এ' ইউনিট ২০১৭-১৮]

(a) so fast like ger car (b) as fast like ger car

(c) as far like the car of her (d) as fast as her car (d)

ব্যাখ্যাঃ- No other যুক্ত বাক্য positive degree-তে লেখা হয়। এসব ক্ষেত্রে as + adj/adv + as গঠন ব্যবহার করা হয়।

**14. The more she worked, ……… she achieved.** [CU: 15-16]

(a) the less (b) enough (c) not enough (d) least (a)

ব্যাখ্যাঃ- "যত ………. তত" এমন অর্থে উভয় পাশে comparative এর পূর্বে "the" বসে।

**15. The longer I live gere, ………..** [DU: 10-11]

(a) I like the more (b) the more I like it

(c) the more do I like it (d) I like it more (b)

ব্যাখ্যাঃ- The + comparative …………, + the comparative. = এজন্যই "The longer ……., the more" হয়েছে।

**16. Which one is correct?** [BCS 17, Rupali Bank-13]

(a) The Nile is longest river in Africa. (b) The Nile is lingest river in Africa

(c) Nile is longest river in Africa. (d) The Nile is the longest river in Africa (d)

ব্যাখ্যাঃ- যেহেতু নীলনদকে আফ্রিকার সবচেয়ে দীর্ঘতম নদী বলা হয়। এইজন্য "সবচেয়ে" বোঝাতে "long" এর superlative form "the longest" করা হয়েছে।

**17. There are …….. results I have ever had in an exam!** [চবি 'ডি' ইউনিট ২০১৭-১৮]

(a) the worst (b) worst (c) worse (d) most worse (a)

ব্যাখ্যাঃ- সবকিছু সাথে তুলনা বোঝালে superlative degree হয়। Bad-এর superlative form হলো worst আর superlative degree-এর পূর্বে the বসে।

**18. A day on Mars ………. slightly ………. than a day on earth.** [ঢাবি 'খ' ইউনিট ২০১৬-১৭]

(a) are, long (b) can be as longer (c) was, long (d) is, longer (d)

ব্যাখ্যাঃ- বাক্যটির subject singular তাই verb ও singular হবে। আবার বাক্যে than থাকায় বাক্যটি comparative degree হবে।

**18. A boat journey is ……….. than journey by road.** [জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা (মানবিক) ২০১৪-১৫]

(a) safe (b) safest (c) more safer (d) safer (d)

ব্যাখ্যাঃ- দুটি বস্তুর মধ্যে তুলনা বুঝাতে adjective-এর Comparative form হয়।

**19. Rahim is one ………. superstitious people I know.** [ঢাবি ভর্তি পরীক্ষা ('খ' ইউনিট) ২০১৪-১৫]

(a) much (b) very much (c) of the more (d) of the most (d)

ব্যাখ্যা:- sentence টি superlative form-এ আছে। তাই শূন্যস্থানে of the most হবে।

**20. The wather is ………. gloomier today than it was yesterday.** [চবি ভর্তি পরীক্ষা (‘খ’ ইউনিট) ২০১৪-১৫]

(a) more (b) more than (c) very (d) much (d)

ব্যাখ্যা:- Wather হলো uncountable noun তাই এর পর adverb হিসেবে much ব্যবহার করা হয়।

**21. These shoes are the ………… expensive of all.** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা-২০১২-১৩]

(a) last (b) least (c) latest (d) lesser (b)

ব্যাখ্যা:- The এর পর ‘little’ এর superlative degree ‘least’ বসেছে।

**22. The newspaper reports inform that women drivers have ………… accidents.** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা-২০১২-১৩]

(a) less (b) least

(c) lower (d) negligable (e) negligible (e)

ব্যাখ্যা:- Countable plural noun এর সাথে few/fewer ব্যবহৃত হয়।

**23. Their office consisted of three rooms, ………….. was used as a conference room.** [RU: 15-16]

(a) larger of which (b) the largest of which

(c) the largest of them (d) the most largest one (b)

ব্যাখ্যা:- সবচেয়ে বড় এমন অর্থে superlative এ “the largest of which” ব্যবহার করা হয়েছে। এখানে “which” বলতে “three rooms” কে বোঝাতে হয়েছে।

**24. It is the ………… city of the country.** [DU: 19-20]

(a) most populous (b) more populous (c) most people (d) most population (a)

ব্যাখ্যা:- পৃথিবীর ভেতরে (of the country) উল্লেখ থাকায় বাক্যটি superlative. এইজন্য সঠিক উত্তর “The most populous” কে বেছে নেওয়া হয়েছে।

**25. I though that ………. was the last one.** [24th BCS, RU 16-17]

(a) the most prettiest of all (b) prettiest one of all

(c) the prettiest one from all (d) the prettiest one of all (d)

ব্যাখ্যা:- “of all” থাকা মানেই বাক্যটি superlative. সেইজন্য “the prettiest one of all-সাবার ভেতরে সবচেয়ে সুন্দরজন” কে সঠিক উত্তর হিসেবে বেছে নেওয়া হয়েছে।

**26. A comedy is ………… than an action movie.** [DU: 17-18]

(a) more funny (b) funnier (c) most funny (d) funniest (b)

ব্যাখ্যা:- “than” থাকায় বাক্যটি comparative এর অর্থ দিচ্ছে। এইজন্য “funny-হাস্যোকর” এর comparative form “funnier” করা হয়েছে।

**27. It burns the prettiest of any wood (Positive).** [৮ম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১২]

(a) No other wood is as pretty as it burns.
(b) No other wood burns is as pretty as it
(c) No other wood burns as pretty as it.
(d) No other wood burns as pretty as it. (c)

ব্যাখ্যাঃ- Superlative degree-কে positive degree-তে রুপন্তরের নিয়মঃ No other + superlative degree এর পরের অংশ (of all/of any থাকলে উঠে যাবে) + verb + as/so + superlative-এর positive form + as + প্রদত্ত sentence-এর sub.